উপজেলা পরিষদ

গোলাপগঞ্জ, সিলেট

মার্চ/২০২৫ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব মিলটন চন্দ্র পাল, প্রশাসক, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।

স্থানঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

সভার তারিখ ও সময়ঃ ১৯ মার্চ ২০২৫ খ্রিঃ সকাল ১১.৩০ ঘটিকা।

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযুক্ত)

সভার প্রারম্ভে সভাপতি জনাব মিলটন চন্দ্র পাল উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ পরিচালনা করেন। সভায় আলোচ্য সূচি অনুযায়ী বিভিন্ন দপ্তরের ভিন্ন ভিন্ন বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কাযবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কাযবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরনীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ২ | পরিষদে হস্তান্তরিত/ন্যাস্তকৃত বিভাগ সমূহের কার্যাবলীঃ | | | |
| ২/১ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থিত সম্মানিত সভাপতি ও পরিষদের সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে প্রকৌশলী তার বক্তব্য উপস্থাপন করেন। বক্তব্যের শুরুতে তিনি জানান যে, বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে। বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৪-২০২৫ এর বাস্তবায়নের জন্য ইতোমধ্যে ঠিকাদারী প্রতিষ্ঠানের সহিত চুক্তিপত্র স্বাক্ষর করা হয়েছে এবং এপ্রিল/মে ২০২৫ ইং এর মধ্যে শতভাগ প্রকল্পের কাজ বাস্তবায়ন করা সম্ভব মর্মে উপজেলা প্রকৌশলী আশা প্রকাশ করেন।<br>উপজেলা প্রকৌশলী আরো জানান যে, গত ২৬ ডিসেম্বর ২০২৪ইং তারিখের সভায় অনুমোদিত বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৪-২০২৫ এর ৪৫নং ক্রমিকে অনুমোদিত ১৮,০০,০০০.০০ (আঠার লক্ষ) টাকার বিভাজন গত ১৮ ফেব্রুয়ারী ২০২৫ইং তারিখের সভায় খাতওয়ারী অনুমোদন দেওয়া হয়। উক্ত সভায় কৃষি ও সেচ খাতের আওতায় গোলাপগঞ্জ উপজেলার কয়েকটি ইউনিয়নে তৈল জাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে উন্নত জাতের সরিষা বীজ ও সার বিতরন প্রকল্পটির বিপরীতে ২,০০,০০০ টাকা অনুমোদন দেয়া হয়। উক্ত প্রকল্পের আওতায় বাঘা, ফুলবাড়ি, উত্তর বাদেপাশা ও শরীফগঞ্জ ইউনিয়ন সমূহ অন্তর্ভূক্ত ছিল। উপজেলার অন্যান্য ইউনিয়ন সমূহের উন্নত মানের সরিষা বীজ ও সার বিতরন করা হয়নি। এর প্রেক্ষিতে অন্যান্য ইউনিয়ন সমূহের জন্য বরাদ্দ প্রদান করা প্রয়োজন। এ লক্ষ্যে কৃষি ও সেচ খাতের আওতায় গোলাপগঞ্জ উপজেলার গোলাপগঞ্জ, লক্ষীপাশা, বুধবাড়ি বাজার, ঢাকা দক্ষিণ, লক্ষনাবন্দ, ভাদেশ্বর ও পশ্চিম আমুড়া ইউনিয়নের তৈল জাতীয় ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সরিষা বীজ ও সার বিতরন প্রকল্পের আওতায় ২,০০,০০০ টাকা অনুমোদন দেওয়া প্রয়োজন।<br>তিনি জানান যে, (১) ভাদেশ্বর ইউনিয়নের ৩নং ওয়ার্ড মাইজভাগ এলাকায় খালেক মিয়ার বাড়ির সামন হইতে জিতু মিস্ত্রির বাড়ি পর্যন্ত রাস্তা নির্মাণ এবং (২) পশ্চিম ভাগ তেরাগুলি শুক্কুর আহমেদের বাড়ির পাশের রাস্তায় গার্ডওয়াল নির্মাণ করা জরুরী প্রয়োজন। প্রকল্প ২টির জন্য যথাক্রমে ১,০৯,৫৮০.০০ টাকা এবং ২,০০,০০০.০০ টাকার ২টি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যাহা পরিষদ কর্তৃক সদয় অনুমোদন প্রয়োজন।<br>তিনি আরো জানান যে, উপজেলা পরিষদের আবাসিক এলাকায় অরুণিমা ও | উপজেলা পরিষদ বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৪-২০২৫ইং আগামী মে/জুন ২০২৫ইং এর মধ্যে শেষ করার কার্যকরী পদক্ষেপ নেওয়ার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। কৃষি ও সেচ খাতের আওতায় প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে উন্নত জাতের সরিষা বীজ ও সার বিতরণ প্রকল্পের বিপরীতে ২ (দুই) লক্ষ টাকা অনুমোদনের জন্য সর্বসম্মতভাবে সভায় সিদ্ধান্ত গৃহীত হলো। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান সকল |

উপজেলা পরিষদ

গোলাপগঞ্জ, সিলেট

মার্চ/২০২৫ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব মিলটন চন্দ্র পাল, প্রশাসক, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
স্থানঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভার তারিখ ও সময়ঃ ১৯ মার্চ ২০২৫ খ্রিঃ সকাল ১১.৩০ ঘটিকা।

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযুক্ত)

সভার প্রারম্ভে সভাপতি জনাব মিলটন চন্দ্র পাল উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ পরিচালনা করেন। সভায় আলোচ্য সূচি অনুযায়ী বিভিন্ন দপ্তরের ভিন্ন ভিন্ন বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ২ | পরিষদে হস্তান্তরিত/ন্যাস্তকৃত বিভাগ সমূহের কার্যাবলীঃ | | | |
| ২/১ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থিত সম্মানিত সভাপতি ও পরিষদের সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে প্রকৌশলী তার বক্তব্য উপস্থাপন করেন। বক্তব্যের শুরুতে তিনি জানান যে, বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে। বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৪-২০২৫ বাস্তবায়নের জন্য ইতোমধ্যে ঠিকাদারী প্রতিষ্ঠানের সহিত চুক্তিপত্র স্বাক্ষর করা হয়েছে এবং এপ্রিল/মে ২০২৫ইং এর মধ্যে শতভাগ প্রকল্পের কাজ বাস্তবায়ন করা সম্ভব মর্মে উপজেলা প্রকৌশলী আশা প্রকাশ করেন।<br>উপজেলা প্রকৌশলী আরো জানান যে, গত ২৬ ডিসেম্বর ২০২৪ইং তারিখের সভায় অনুমোদিত বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৪-২০২৫ এর ৪৫নং ক্রমিকে অনুমোদিত ১৮,০০,০০০.০০ (আঠার লক্ষ) টাকার বিভাজন গত ১৮ ফেব্রুয়ারী ২০২৫ইং তারিখের সভায় খাতওয়ারী অনুমোদন দেওয়া হয়। উক্ত সভায় কৃষি ও সেচ খাতের আওতায় গোলাপগঞ্জ উপজেলার কয়েকটি ইউনিয়নে তৈল জাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে উন্নত জাতের সরিষা বীজ ও সার বিতরন প্রকল্পটির বিপরীতে ২,০০,০০০ টাকা অনুমোদন দেয়া হয়। উক্ত প্রকল্পের আওতায় বাঘা, ফুলবাড়ি, উত্তর বাদেপাশা ও শরীফগঞ্জ ইউনিয়ান সমূহ অন্তর্ভুক্ত ছিল। উপজেলার অন্যান্য ইউনিয়ান সমূহের উন্নত মানের সরিষা বীজ ও সার বিতরন করা হয়। এর প্রেক্ষিতে অন্যান্য ইউনিয়ন সমূহের জন্য বরাদ্দ প্রদান করা প্রয়োজন। এ লক্ষ্যে কৃষি ও সেচ খাতের আওতায় গোলাপগঞ্জ উপজেলার গোলাপগঞ্জ, লক্ষীপাশা, বুধবাড়ি বাজার, ঢাকা দক্ষিণ, লক্ষনাবন্দ, ভাদেশ্বর ও পশ্চিম আমুড়া ইউনিয়নের তৈল জাতীয় ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সরিষা বীজ ও সার বিতরন প্রকল্পের আওতায় ২,০০,০০০ টাকা অনুমোদন দেওয়া প্রয়োজন।<br>তিনি জানান যে, (১) ভাদেশ্বর ইউনিয়নের ৩নং ওয়ার্ড মাইজভাগ এলাকায় খালেক মিয়ার বাড়ির সামন হইতে জিতু মিস্ত্রির বাড়ি পর্যন্ত রাস্তা নির্মাণ এবং (২) পশ্চিম ভাগ তেরাগুলি শুকুর আহমেদের বাড়ির পাশের রাস্তায় গার্ডওয়াল নির্মাণ করা জরুরী প্রয়োজন। প্রকল্প ২টির জন্য যথাক্রমে ১,০৯,৫৮০.০০ টাকা এবং ২,০০,০০০.০০ টাকার ২টি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যাহা পরিষদ কর্তৃক সদয় অনুমোদন প্রয়োজন।<br>তিনি আরো জানান যে, উপজেলা পরিষদের আবাসিক এলাকায় অগ্নিনিমা ও | উপজেলা পরিষদ বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৪-২০২৫ইং আগামী মে/জুন ২০২৫ইং এর মধ্যে শেষ করার কার্যকরী পদক্ষেপ নেওয়ার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। কৃষি ও সেচ খাতের আওতায় প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে উন্নত জাতের সরিষা বীজ ও সার বিতরণ প্রকল্পের বিপরীতে ২ (দুই) লক্ষ টাকা অনুমোদনের জন্য সর্বসম্মতভাবে সভায় সিদ্ধান্ত গৃহীত হলো। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান সকল |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | কুশিয়ারা ভবনদ্বয় সহ হাসপাতালের দক্ষিণে বিদ্যমান শাপলা ভবন পুনঃ ব্যবহার অনুপযোগী হয়ে পড়ায় মেরামতের লক্ষ্যে তিনটি ভিন্ন ভিন্ন প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যেখানে অর্কিড ভবনে ২১,৪২,২৬৫.০০, কুশিয়ারা ভবনে ১৯,৭০,৩৬৮.০০ এবং শাপলা ভবনে ৫৫,৭২,৫১১.০০ টাকা প্রয়োজন হবে। | উপজেলা প্রকৌশলী কর্তৃক উপস্থাপিত [illegible] ইউনিয়নের ৩টি প্রকল্পের প্রাক্কলনের অনুমোদনের জন্য সভায় সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। আবাসিক এলাকায় অর্কিড, কুশিয়ারা এবং শাপলা ভবন ব্যবহার উপযোগী করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ লক্ষ্যে উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | |
| ১২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, বিগত মাসে বহির্বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ১৭৫৫৫জন, অন্তঃবিভাগে ভর্তিকৃত রোগীর সংখ্যা ৫০১ জন, জরুরী বিভাগে সেবা প্রাপ্ত ১১৮৫ জন, নরমাল প্রসব সেবা ৩৪ জন, ইপিআই টিকার হার ৯৮ ভাগ, টিটি ১২০ জন, [illegible] প্রসব সেবা ০১ জন। শয্যা ৫০টি ৮৫%। হাসপাতালে চিকিৎসক স্বল্পতার কারণে মানসম্মত স্বাস্থ্য সেবা প্রদানে ব্যাঘাত হচ্ছে মর্মে আলোচনা হয়। | চিকিৎসক স্বল্পতার বিষয়ে ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান/উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা স্বাঃ ও প.প. কর্মকর্তা/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ১৩ | পরিবার পরিকল্পনা বিভাগ | সহকারী উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, বিগত মাসে মোট সক্ষম দম্পতির সংখ্যা ৫৫৮৫৫ জন পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৪৩১২৭ জন হার ৭৯.১৫%। গর্ভকালীন সেবা ২১১ জন প্রসব সেবা ২৫ জন, প্রসবোত্তর সেবা ১১ জন, শিশু সেবা ১১ জন, কিশোর সেবা ৫৭৫ জন, সাধারণ রোগী ১১৪০ জন, মোট স্থায়ী পদ্ধতির সংখ্যা ২১১ জন এবং সর্বমোট মৃত্যুর সংখ্যা ৭০ জন। গর্ভবতী ১৫৩৭ জন এবং মোট প্রবাসী দম্পতি ৫১২৮ জন। | পরিবার পরিকল্পনা মা ও শিশু স্বাস্থ্য সেবা সুষ্ঠুভাবে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান/উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প.প. কর্মকর্তা |
| ১৪ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, চলমান রবি মৌসুমে মোট ৭৭৭৫ হেক্টর জমিতে বোরো ধান আবাদ হয়েছে। আগামী খরিপ-১ মৌসুমে উপজেলায় মোট ৩৮৫০ হেক্টর জমিতে আউশ ধানের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে। এ আবাদ অর্জনের জন্য এ মৌসুমে ২৮৫০ জন কৃষককে বীজ ও প্রাথমিক প্রণোদনা দেয়া হবে। প্রতি ইউনিয়নের আবাদ লক্ষ্যমাত্রা অনুযায়ী বিতরণের জন্য তালিকা প্রস্তুত করে বিতরণ কার্যক্রম গ্রহণ করা হবে। | বোরো আবাদ সফলে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান/উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা কৃষি কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ২/৫ | মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, অধিদপ্তর থেকে জেলে নিবন্ধন তালিকা হালনাগাদ করার নির্দেশনা দেওয়া হয়েছে।বিদ্যমান নিবন্ধিত জেলেদের তালিকা হালনাগাদের জন্য সভায় আলোচনা করা হয়। যে সকল জেলে মারা গিয়েছেন কিংবা বিদেশ চলে গিয়েছেন কিংবা স্থায়ীভাবে পেশা পরিবর্তন করেছেন তাদের তালিকা হালনাগাদ করার বিষয়ে সকল ইউপি চেয়ারম্যান মহোদয়ের সহযোগিতা প্রয়োজন। সভায় এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এবংদ্রুত হালনাগাদ এর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | দ্রুত হালনাগাদ এর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সি. উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ২/৬ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান, বিগত মাসে গবাদি পশুর চিকিৎসা ১৯৮২ টি, হাঁস মুরগীর চিকিৎসা ১৬৬৬৭ টি, কৃত্রিম প্রজনন ২৩৪ টি, গবাদি পশুর টিকা প্রদান ১৯২৮ টি, হাঁস মুরগীর টিকা প্রদান ৪৪৭০০ টি, উন্নত জাতের ঘাসচাষ সম্প্রসারন ৩.৫একর, উঠান বৈঠক আয়োজন ০৩ টি, ভেকসিনেশন ক্যাম্পেইন ০৮ টি, ফ্রি ভেটেরিনারী মেডিকেল টিম ০১ টি। | গবাদি পশু ও হাঁস মুরগীর টিকা কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৭ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, কাবিখা, কাবিটা ও টিআর প্রকল্পের ১ম/২য় পর্যায়ের কাজের সময় সীমা ১৫/০৪/২০২৫ ইং পর্যন্ত [illegible]দ্ধি করা হয়েছে। এমতাব[illegible]য় ১ম/২য় পর্যায়ের কাজ নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। সামনে বর্ষার মৌসুম চলে আসবে এক্ষেত্রে সময় মতো কাজ করা না হলে বরাদ্দ তামাদী হওয়ার সম্ভাবনা থাকে। | কাবিখা, কাবিটা ও টিআর প্রকল্প কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৮ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, আগামী ৬/৪/২০২৫ পর্যন্ত সকল প্রকার প্রাথমিক বিদ্যালয় গুলো বন্ধ আছে। ৭ এপ্রিল/২৫ যথারীতি পাঠদান কার্যক্রম শুরু হবে। | প্রাথমিক শিক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা শিক্ষা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৯ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, বিনামূল্যে বিতরনযোগ্য পাঠ্যপুস্তক সংরক্ষন ও বিতরন কার্যক্রম চলমান আছে। অদ্য পর্যন্ত চাহিদার প্রায় ৯০% পাঠ্যপুস্তক পাওয়া গিয়েছে। বাকী ১০% পাঠ্যপুস্তক আশা করা যায় মার্চ মাসের মধ্যেই পাওয়া যাবে। ২০২৫ সালের এসএসসি, এসএসসি (ভোক) ও দাখিল পরীক্ষা আগামী ১০ এপ্রিল হতে আরম্ভ হবে। সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নকল মুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানকল্পে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করছি। | ২০২৫ সালের এসএসসি, এসএসসি (ভোক) ও দাখিল পরীক্ষা সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নকল মুক্ত পরিবেশে অনুষ্ঠিত হওয়ার | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মাধ্যমিক শিক্ষা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | | প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ২/ ১০ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় উপস্থিতি নিশ্চিতের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসকউপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ২/ ১১ | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, উপজেলা সমাজসেবা কার্যালয়ের ২০২৪-২৫ অর্থ বছরের তৃতীয় কিস্তির পেরোল প্রেরণের নির্দেশনা এসেছে। চলতি মার্চ মাসের মধ্যেই নতুন বরাদ্দকৃত বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতার শতভাগ পেরোল পাঠাতে হবে। এ বিষয়ে ইউপি চেয়ারম্যানগণদের বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি। উল্লেখ্য যে, ২০২৪-২৫ অর্থবছরে বয়স্কভাতা ১১০২ জন, বিধবাভাতা ১৫২ জন এবং প্রতিবন্ধী ভাতা ৪৬০ টি বরাদ্দ এসেছে। এছাড়া বিভিন্ন উপকারভোগীদের ভাতা প্রতিস্থাপন নম্বর পরিবর্তন ও স্থানান্তরের বিষয়গুলো দ্রুত সময়ের মধ্যে উপজেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করছি। | বয়স্ক ও বিধবা ভাতার কার্যক্রম সঠিকভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমাজসেবা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, চলমান মাসে বায়োগ্যাস প্লান্ট স্থাপনকারী তিন জন খামারীকে মোট ২,০০,০০০/- যুব ঋণ বিতরণ করা হয়। প্লান্ট গুলির সফল ভাবে গ্যাস প্রজ্বলন হচ্ছে। মার্চ২০২৫ মাসের ২৫ তারিখের মধ্যে ফ্রি ল্যান্সিং প্রশিক্ষনের জন্য প্রশিক্ষনার্থী জেলা কার্যালয়ে পাঠাতে হবে। সেই লক্ষ্যে সকল চেয়ারম্যান মহোদয়কে প্রশিক্ষনার্থী যুব উন্নয়ন অফিসে পাঠাতে অনুরোধ করছি। | বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপন কার্যক্রম সুষ্টুভাবে অব্যাহত রাখতে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা যুব উন্নয়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, ২০২৪-২৫ অর্থবছরে ঋণ বিতরন ১৩.৭৮ লক্ষ টাকা এবং ঋণ আদায় ২৫.০৮ লক্ষ টাকা। বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিক চলছে। | উপকারভোগীদের ঋণ আদায়ের হার বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা পল্লী উন্নয়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৪ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, চলতি মাস পর্যন্ত মোট ১২০ টি অডিট কার্য সম্পন্ন হয়েছে এবং ৫ টি সমিতি পরিদর্শন করা হয়েছে। | অডিট কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্টুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমবায় কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২/ ১৫ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, মার্চ-এপ্রিল২০২৫ মাস হতে খাদ্য বান্ধব কর্মসূচিতে চাল বিতরন চলমান থাকবে। ভোক্তাগণ মাথাপিছু ৩০ কেজি করে চাল পাবে। প্রতি কেজি চালের মূল্য ১৫/- খাদ্য বান্ধব ডিলার নিয়োগের জন্য ১১ টি ইউনিয়নে সকলের উপস্থিতিতে লটারীর মাধ্যমে ডিলার নিয়োগ সম্পন্ন হয়েছে। ওএমএস কর্মসূচীর পৌরসভার ১ টি বিক্রয় কেন্দ্রে ওএমএস কার্যক্রম চলমান রয়েছে। ভিজিএফ খাতে চাল সরবরাহ শেষ। | খাদ্য বান্ধব কর্মসূচী কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৬ | মহিলা বিষয়ক অধিদপ্তর | মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় উপস্থিতি নিশ্চিতের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৭ | বন বিভাগ | ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা বন কর্মকর্তা |
| ২/ ১৮ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় উপস্থিতি নিশ্চিতের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ ডিজিএম /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৯ | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক সভায় সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় উপস্থিতি নিশ্চিতের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ২০ | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন বিভাগ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান, বিগত মাস পর্যন্ত ঋণ বিতরন ১৩৮ লক্ষ ৫০ হাজার টাকা, ঋণ আদায় ১৭৭ লক্ষ ২৭ হাজার টাকা। হার ৯৬%। মোট পাওনা ২ কোটি ১৫ লক্ষ ৮৪ হাজার টাকা। সুফলভোগীদের সংখ্যা ৬১৯ জন। সুফল ভোগীদের সঞ্চয় জমার পরিমান ৬৬ লক্ষ ৮১ হাজার টাকা। | ঋণ আদায়ের লক্ষমাত্রা বাড়ানোর জন্য পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২/ ২১ | বিএডিসি বিভাগ | উপসহকারী প্রকৌশলী সভায় জানান, আগামী অর্থবছরে গোলাপগঞ্জ উপজেলার ডিপিপি অন্তর্ভুক্ত হতে ১০-১৫ কি.মি. খাল পুন: খনন করা সম্ভব। এতে উপজেলা প্রশাসনের সহযোগীতায় খালগুলো ডিমার্গেশন করা প্রয়োজন। যার ফলে খাল গুলো পুনঃখনন করতে বিভিন্ন বাধা বিপত্তি ও অন্যান্য সমস্যার সম্মুখীন হতে হবে না। এছাড়াও বনুর খালে কোতুয়ালপুরে একটি সুইচ গেউট পুন: নির্মাণে প্রস্তাবনা রয়েছে। সেচ কমিটির সভার মাধ্যমে সিদ্ধান্ত অনুযায়ী সকল কার্যক্রম সম্পাদন করা হবে। | উপজেলা সেচ কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী সকল কার্যক্রম সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহীঅফিসার/ উপসহকারী প্রকৌশলী বিএডিসি /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ২২ | উপজেলা পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান, মাসিক মোট দেশজ উৎপাদ এবং জেলা ভিত্তিক মোট দেশজ উৎপাদ উন্নয়ন প্রকল্পের আওতায় ত্রৈমাসিক ভিত্তিতে সেবা উৎপাদন সূচক সংকলনের জন্য প্রতিষ্ঠান জরিপ ১১ মার্চ থেকে ১৮ মার্চ নির্বাচিত প্রতিষ্ঠান সমূহের কাছ থেকে বিভিন্ন খাতের তথ্য সংকলনের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে সারাদেশ ব্যাপী। এর মাধ্যমে সময়োপযোগী এবং নির্ভরযোগ্য তথ্যের ভিত্তিতে দেশের সেবা খাতের অর্থনৈতিক বিশ্লেষন প্রদান করা, যেটি দেশের অর্থনীতির স্বল্পমেয়াদী গতিবিধি পরিমাপে আই আই পি এর পরিপুরক হিসাব কাজ করবে। | জরিপ কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহীঅফিসার/ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ২৩ | উপজেলা আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা সভায় জানান, বিগত ১৯/০২/২০২৫ খ্রিঃ তারিখে দফাদার পদে পদোন্নতি কমিটির সভায় জনাব সুলতান আহমদ গ্রাম পুলিশ (মহল্লাদার) পিতা ইদ্রিছ আলী, গ্রাম- মনজুরাবাদ, ডাক- রানাপিং, ২ নং গোলাপগঞ্জ ইউপি এবং জনাব আব্দুর রহমান গ্রাম পুলিশ (মহল্লাদার) পিতা- ফরিদ আলী, গ্রাম- ফুলবাড়ি (মীরাপাড়া), ডাক- ফুলবাড়ি, ৩ নং ফুলবাড়ি ইউপি, গোলাপগঞ্জ, সিলেট কে গ্রাম পুলিশ (মহল্লাদার) থেকে দফাদার পদে পদোন্নতির জন্য সভায় প্রস্তাব উত্তাপন করেন। | যোগ্যতা সম্পন্ন গ্রাম পুলিশ (মহল্লাদারদের) কাগজপত্র যাচাই-বাছাই শেষে জনাব সুলতান আহমদ, পিতা- ইদ্রিছ আলী এবং জনাব আব্দুর রহমান পিতা- ফরিদ আলী কে গ্রাম পুলিশ (মহল্লাদার) থেকে দফাদার পদে পদোন্নতির সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহীঅফিসার/ উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ২৪ | চেয়ারম্যান লক্ষনাবন্দ ইউপি | চেয়ারম্যান, লক্ষনাবন্দ ইউপি সভায় জানান, (ক) ইউনিয়ন স্বাস্থ্য কমপ্লেক্সে পর্যাপ্ত ঔষধ সরবরাহ না থাকায় সেবা কার্যক্রম ব্যাহত হচ্ছে (খ) নওয়াই চক রাস্তায় নিম্নমানের কাজ বন্ধ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ (গ) ইউনিয়ন পরিষদ বিল্ডিং এ ঠিকাদার কর্তৃক কাজ সম্পন্ন না করায় ব্যবস্থা গ্রহনের এবং(ঘ) করগ্রাম পূর্বভাগ রাস্তায় বনজ কৃষ্ণচূড়া এবং শিমুলের দ্বারা রোপনের প্রস্তাব সভায় উত্তাপন করেন। | সংশ্লিষ্ট বিষয়ে (ক) উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা খ), (গ) উপজেলা প্রকৌশলী, (ঘ) উপজেলা বন কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহীঅফিসার/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ২৫ | বিবিধ | (ক) উপজেলা পরিষদ কমপ্লেক্স পরিষ্কার পরিচ্ছন্নতা বাবদ ২৪,৭৫০/- , সার্কিট ক্যামেরা ক্রয় ও মেরামত বাবদ ৪০,০০০/-এবং ডিসেম্বর/২৪- | (ক) সংশ্লিষ্ট বিল গুলো উপজেলা | প্রশাসক উপজেলা |

| | | | |
|---|---|---|---|
| | মার্চ/২৫ পর্যন্ত ইন্টারনেট বিল ১৪,০০০/- অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| বিগত সভার নিয়মিত রাজস্ব ব্যয়অনুমোদন ও অবহিতকরন | জনাব রাহেল আহমদ, অফিস সহায়কের অনুকূলে মহান বিজয় দিবস ২০২৪ উদযাপনের ব্যয় বাবদ ৫০,০০০/- চেক প্রদান চেক নং৮৪০৪২০৯ তাং৩/২/২৫। জনাব নুরুল ইসলাম, পরিচ্ছন্নতাকর্মী ও তাহিমা বেগম, মালীকে জানুয়ারি/২৫ মাসের মজুরী বাবদ (১১,১০০/-+১১১০০/-) চেক প্রদান চেক নং৮৪০৪২১০-১১ তাং৩.২.২৫। জনাব রাহেল আহমদ ,অফিস সহায়ক এর অনুকূলে অফিস সরঞ্জাম ক্রয় বাবদ ৫০,০০০/- চেক প্রদান চেক নং৮৪০৪২১৩ তাং৩.২.২৫। আব্দুল কাদির, অফিস সহায়কের অনুকূলে পানির পাম্প মেরামত বাবদ ১৫০০০/- চেক প্রদান চেক নং ৮৪০৪২১৪ তাং১৩.২.২৫। আব্দু. কাদির এর অনুকূলে সিসি ক্যামেরা ক্রয় বাবদ ৫০,০০০/- চেক প্রদান চেক নং ৮৪০৪২১৫ তাং ১০.০২.২৫। | বিগত বিভিন্ন সভায় উপজেলা পরিষদ তহবিল হতে ব্যয় মাসিক সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়েছে সেগুলোর চেক বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের অনুকূলে বিভিন্ন সময়ে প্রদান করা হয়েছে যা সভায় উপস্থিত সকলকে অবহিত করা হয় এবং পিপিআর ২০০৮ অনুসরণ পূর্বক ব্যয় করার নিমিত্তে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |

সভাপতি জনাব মিলটন চন্দ্র পাল গোলাপগঞ্জ উপজেলার সার্বিক উন্নয়ন কর্মকান্ড নিয়ে আলোচনার জন্য ইউপি চেয়ারম্যান, বিভাগীয় প্রধান এবং সভায় সংশ্লিষ্ট অন্যান্য সদস্যগণকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ জানান। উপজেলার সার্বিক উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে সিদ্ধান্তের ভিত্তিতে অগ্রগতি প্রতিবেদন এবং কার্যপত্র প্রস্তুতের নিমিত্ত উন্নয়ন কর্মকান্ডের তালিকা প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণের জন্য জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি উপজেলা পরিষদের মাসিক সাধারন সভার সমাপ্তি ঘোষনা করেন।

মিলটন চন্দ্র পাল
প্রশাসক
উপজেলা পরিষদ
গোলাপগঞ্জ, সিলেট

স্মারকনং-০৫.৪৬.৯১৩৮.০০০.১৬.০০১.১৯.২১৩.৩৬২ তারিখঃ ১৯/০৩/২০২৫ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
০২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সিলেট।
০৫। প্রশাসক, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
০৬। প্রশাসক, গোলাপগঞ্জ পৌরসভা।
০৭। নির্বাহী প্রকৌশলী------------------------------ সিলেট।
০৮। উপজেলা---------------------------------------- অফিসার, গোলাপগঞ্জ, সিলেট।

০৯। চেয়ারম্যান.......................................................ইউপি (সকল), গোলাপগঞ্জ।
১০। অফিস নথি/ মাস্টার ফাইল।

মিলটন চন্দ্র পাল
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
গোলাপগঞ্জ উপজেলা পরিষদ
সিলেট
email:unogolapganj@mopa

পরিশিষ্ট "ক" সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

| ক্র.নং | সভায় সংশ্লিষ্ট সদস্যবৃন্দ | সভায় উপস্থিত প্রতিনিধিবৃন্দ | সভায় উপস্থিত সদস্যবৃন্দ |
|---|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০২ | মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০৩ | চেয়ারম্যান, ০১ নং গোলাপগঞ্জ ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৪ | চেয়ারম্যান, ০৩ নং ফুলবাড়ি ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৫ | চেয়ারম্যান, ০৪ নং লক্ষীপাশা ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৬ | চেয়ারম্যান, ০৬ নং ঢাকাদক্ষিণ ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৭ | চেয়ারম্যান, ০৭ নং লক্ষণাবন্দ ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৮ | চেয়ারম্যান, ০৮ নং ভাদেশ্বর ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৯ | চেয়ারম্যান, ০৯ নং আমুড়া ইউপি | - | স্বাক্ষরিত |
| ১০ | চেয়ারম্যান, ১১ নং শরীফগঞ্জ ইউপি | | স্বাক্ষরিত |
| ১১ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১২ | উপজেলা প্রকৌশলী | - | স্বাক্ষরিত |
| ১৩ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৪ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৬ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৭ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৮ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৯ | উপজেলা সমবায় কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২০ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা | | স্বাক্ষরিত |
| ২১ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | - | স্বাক্ষরিত |
| ২২ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৩ | উপসহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ) | - | স্বাক্ষরিত |

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

| ক্র.নং | সভায় সদস্যবৃন্দ | মন্তব্য |
|---|---|---|
| ০১ | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | |
| ০২ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | |
| ০৩ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | |
| ০৪ | সিভিল সোসাইটির প্রতিনিধিবৃন্দ | |
| ০৫ | চেয়ারম্যান, ০২ নং বাঘা ইউপি | |
| ০৬ | চেয়ারম্যান, ০৫ নং বুধবারীবাজার | |
| ০৭ | চেয়ারম্যান, ১০ নং বাদেপাশা ইউপি | |
| ০৮ | চেয়ারম্যান ১১ নং শরীফগঞ্জ ইউপি | |